

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৮৪

১/ বিবিধ

আরবী

قريش خالصة الله، فمن نصب لها حربا، أو فمن حاربها سلب، ومن أرادها بسوء
خزي في الدنيا والآخرة
موضوع

رواه ابن عساكر (2 / 398 / 2) عن أبي عبد الرحمن محمد بن الحسين بن موسى
السلمي: أنبأنا جعفر بن محمد بن الحارث المراغي: أخبرنا أبو يعقوب إسحاق بن
يعقوب الدمشقي: أخبرنا أحمد بن أنس بن مالك الدمشقي: أخبرنا إسحاق بن سعيد
بن الأركون عن أبي مسلم سلمة بن العيار عن عبد الله بن لهيعة عن مشرح بن هاعان
عن عمرو بن العاص مرفوعا

قلت: وهذا إسناد تالف: مشرح مختلف فيه، ولا أدري إذا كان سمع من عمرو بن
العاص أولا؟ والأقرب الثاني فإن بين وفاتيهما نحوثمانين سنة! وعبد الله بن لهيعة
ضعيف. وإسحاق بن سعيد بن

الأركون قال الدارقطني: " منكر الحديث ". وقال أبو حاتم: " ليس بثقة ". وأحمد بن
أنس لم أجد له ترجمة وهو من شرط ابن عساكر في " تاريخه " فيراجع فإن نسختنا
منه ناقصة. وإسحاق بن يعقوب الدمشقي في ترجمته ساق ابن عساكر هذا الحديث،
ولم يذكر فيه جرحا ولا تعديلا. وجعفر بن محمد بن الحارث المراغي لم أعرفه. وأبو
عبد الرحمن السلمى هو الصوفي المشهور قال الذهبي: تكلموا فيه وليس بعمدة. قال
الخطيب: " قال لي محمد بن يوسف القطان: كان يضع الحديث

للصوفية ". قال الذهبي: وفي القلب مما ينفرد به قلت: أفلا يعجب القاريء الكريم معي من الحافظ السيوطي كيف أورد هذا الحديث المظلم في كتابه " الجامع الصغير " من رواية ابن عساكر هذه التالفة؟! وأما المناوي فقد بيض له ولم يتكلم عليه بشيء! وفي فضل قریش من الأحاديث الصحيحة ما يغنيهم عن مثل هذا الحديث الباطل كقوله صلى الله عليه وسلم: " الناس تبع لقریش في هذا الشأن "، وقوله: " الأئمة من قریش " وهو حديث متواتر، كما قال الحافظ ابن حجر: فيما نقله الشيخ علي القاري في " شرح النخبة

বাংলা

৭৮৪। কুরাইশরা হচ্ছে আল্লাহর নির্বাচিত। যে ব্যক্তি তাদের বিপক্ষে বর্শা ধরবে বা তাদের সাথে যুদ্ধ করবে তাকে ছিনিয়ে নেয়া হবে। আর যে ব্যক্তি তাদের ব্যাপারে কোন অনিষ্টতা করার ইচ্ছা পোষণ করবে তাকে দুনিয়া এবং আখেরাতে অপমানিত করা হবে।

হাদীছটি জাল।

এটি ইবনু আসাকির (২/৩৯৮/২) আবু আবদির রহমান মুহাম্মাদ ইবনুল হুসাইন আস-সুলামী হতে তিনি জাফার ইবনু মুহাম্মাদ আল-মুরাগী হতে তিনি আবু ইয়াকুব ইসহাক ইবনু ইয়াকুব আদ-দামেস্ক হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি ধ্বংসপ্রাপ্ত। বর্ণনাকারী মুশরেহ ইবনু হা'আন বিতর্কিত ব্যক্তি। তিনি আমার ইবনুল আস হতে শ্রবণ করেছেন কি না জানি না? সঠিকের নিকটবর্তী হচ্ছে এই যে, তিনি তার থেকে শ্রবণ করেননি। কারণ তাদের দু'জনের মৃত্যুর মধ্যে আশি বছরের পার্থক্য।

আরেক বর্ণনাকারী আব্দুল্লাহ ইবনু লাহিয়্যাহ দুর্বল।

সনদের অপর বর্ণনাকারী ইসহাক ইবনু সাঈদ ইবনিল আরকুন সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। আবু হাতিম বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

আর আহমাদ ইবনু আনাসের জীবনী পাচ্ছি না।

বর্ণনাকারী ইসহাক ইবনু ইয়াকুব সম্পর্কে তার জীবনীতে ইবনু আসাকির ভালমন্দ কিছুই বলেননি।

জাফর ইবনু মুহাম্মাদ আল-মুরাগীকে আমি চিনি না।

আবু আবদির রহমান আস-সুলামী সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ মুহাদ্দিছগণ তার ব্যাপারে সমালোচনা করেছেন। তিনি ভাল নন। আল-খাতীব বলেনঃ মুহাম্মাদ ইবনু ইউসুফ আল-কাত্তান আমাকে বলেনঃ তিনি সূফীদের জন্য হাদীছ জাল করতেন।

আমি (আলবানী) বলছিঃ পাঠকবৃন্দ কি আমার সাথে আশ্চর্য হবেন না কিভাবে সুযুতী অন্ধকারাচ্ছন্ন হাদীছটি তার কিতাব "জামেউস সাগীর" গ্রন্থে ইবনু আসাকিরের বর্ণনা হতে উল্লেখ করলেন?

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71663>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন